ISO 9001:2015 Certified

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

মহিপাল, ফেনী

নম্বর ২৭.১২.৩০২৯.৫১৬.০৭.০১৪.২৩.৩৮৩৮

তারিখ: ২ কার্তিক ১৪৩০

১৮ অক্টোবর ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের প্রশিক্ষণ কর্মসূচী প্রসঙ্গে।**

সূত্র: বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.০২৯.৭২.৮৫২.২৩.১৪৯৮, তাং-২১/০৬/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র পবিসের সদর দপ্তরে আগামী ০৫/১১/২০২৩ খ্রিঃ হতে মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের (সুপারভাইজার/লাইনম্যান) "পবিস বিতরণ লাইন নির্মাণ (টিসি-২৪০)" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে আগ্রহী মিনি ঠিকাদার প্রতিষ্ঠান সমূহকে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনসহ মনোনীত সুপারভাইজার ও লাইনম্যান-কে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

০১।	ক্লাইম্বিং কাজে অসামর্থ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণে অযোগ্য বিবেচিত হবেন।
০২।	প্রত্যেক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/নগদ "ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি "এর অনুকূলে আগামী ২৬/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।
০৩।	প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রেরিত ফরম নং প্রপফ-০২৯-০০১, ভার্সন-২, তারিখ ২৬/১১/২০১৩ খ্রিঃ "Trainee's Personal Data Form" আয়োজনকারী পবিস হতে সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে আগামী ৩১/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতিতে জমা প্রদান করতে হবে।
০৪।	প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠানের সত্ত্বাধিকারী কর্তৃক পাসপোর্ট সাইজের তিন কপি এবং স্ট্যাম্প সাইজের এক কপি রঙ্গিন ছবি ও "Trainee's Personal Data Form" এর সঙ্গে জমা দিতে হবে।
০৫।	প্রশিক্ষণে অংশগ্রণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজনকে অবশ্যই ডাক্তার কর্তৃক শারীরিক সক্ষমতার সার্টিফিকেট সংগ্রহ পূর্বক জমা প্রদান করতে হবে।
০৬।	অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠানকে বাপবিবোর্ড কর্তৃক তালিকাভুক্তির অনুমোদনপত্র জমা দিতে হবে।
০৭।	সুপারভাইজার পদে প্রশিক্ষণের জন্য নূন্যতম যোগ্যতা এইচএসসি পাশ অথবা যে কোন বিভাগে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশের সনদ এর মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।
০৮।	লাইনম্যান পদে প্রশিক্ষণের জন্য নুন্যতম যোগ্যতা এসএসসি অথবা সমমান পাশের সনদের মূল ও সত্যায়িত কপি আনতে হবে।
০৯।	প্রশিক্ষণার্থীকে জন্ম সনদের মূল ও সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ আনতে হবে।
১০।	প্রশিক্ষণার্থীকে জাতীয় পরিচয় পত্রের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে। (যদি থাকে)
১১।	প্রশিক্ষণার্থীকে বয়স কোর্স শুরুর তারিখ সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর হতে হবে।
১২।	কোন প্রশিক্ষণার্থী একাধিক প্রতিষ্ঠানে কিংবা একই প্রতিষ্ঠানের একাধিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহন করতে পারবেন না।

১৩।	প্রশিক্ষণার্থীর আবেদন পত্রের ক্রমিক নং-০৪ এ উল্লেখিত সাইজের ছবি এঁটে দিয়ে এমনভাবে কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠানের গোল সীল মারতে হবে যাতে সীলের ছাপের অর্ধেক অংশ আবেদন পত্রের উপর এবং অবশিষ্ট অংশ ছবির উপরের কর্ণার থাকে। একই প্রক্রিয়ায় কোর্সের সমন্বয়কারী ছবির নিচে কর্ণারে তার নাম যুক্ত প্রদান করবেন। এক্ষেত্রে স্বাক্ষর ও সীলে ছাপের অর্ধেক অংশ আবেদনপত্রের উপর এবং অবশিষ্ট অর্ধেক অংশ ছবির নীচের কর্ণারে থাকে।
১৪।	কাঠের ও এসপিসি পোলে আরোহন এবং অনুশীলনের জন্য বুট জুতা ও ক্লাইম্বার সেট সহ কোর্স শুরুর দিন সকাল ০৯:০০ ঘটিকায় প্রশিক্ষণার্থীকে নির্ধারিত প্রশিক্ষণ স্থলে উপস্থিত থাকতে হবে।
১৫।	কোন প্রশিক্ষানার্থী একাধিক পদে প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহন করতে পারবেন না। তবে এইচএসসি অথবা সমমান পরীক্ষায় পাস এবং লাইনম্যান পদে কৃতকার্য হলে সুপারভাইজার পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহন করতে পারবেন। সুপারভাইজার হিসেবে কৃতকার্য হলে লাইনম্যান হিসেবে প্রাপ্ত সনদ বাপবিবোর্ড ফেরত দিতে হবে। তথ্য গোপন-কারী প্রশিক্ষণার্থীর সনদ বাতিল করা সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৬।	প্রশিক্ষণে অংশগ্রহনকারী লোকবলের থাকা খাওয়া সংক্রান্ত যাবতীয় ব্যবস্থপনা সহ সমস্ত ব্যয়ভার ঠিকাদার প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
১৭।	প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীর কোন প্রকার দুর্ঘটনা ঘটলে প্রশিক্ষণ কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠান কোন দায়-দায়িত্ব বহন করবেন না।
১৮।	প্রশিক্ষণ শুরু হওয়ার কমপক্ষে ০৭ (সাত) দিন আগে অত্র অফিসে যাবতীয় ফাইল জমা প্রদান করতে হবে।
১৯।	প্রশিক্ষণ শুরুর প্রথম দিন মূল কাগজপত্র সঙ্গে নিয়ে আসতে হবে।
২০।	উপরের উল্লেখিত শর্তাবলী ছাড়াও নতুন কোন সমস্যা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

১৮-১০-২০২৩
হাওলাদার মোঃ ফজলুর রহমান
জেনারেল ম্যানেজার
ফোন: ০২৩৩৪৪-৭২৩০০
ইমেইল: fenipbs84@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা জোন

৪) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, ফেনী

৫) সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার, ... পবিস ১/২/৩/৪

৬) একান্ত সচিব, সদস্য (বিতরণ ও পরিচালন) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৭) সহকারী প্রকৌশলী (সংযুক্ত), সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৮) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

৯) এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

১০) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

১১) এজিএম (এইচআর), মানব সম্পদ বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

১২) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

১৩) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

১৪) নোটিশ বোর্ড, ফেনী পবিস।